মোঃ সাইফুল ইসলাম
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-১

গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৩.২২.১৮২৭

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯
০৬ জুলাই ২০২২

বিষয়: **দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন ভবানীপুর ইসলামিয়া কামিল মাদ্রাসায় কর্মরত এমপিওভুক্ত ২৭ জন শিক্ষক/কর্মচারীর এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (১)USEO, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর প্রত্যয়ন/স্মারক নং- উমাশিঅ/পার্বতী/দিনাজ/২০২২/২৫৬; তারিখ: ২০/০৬/২০২২ খ্রি.

(২) তদন্ত কমিটির প্রতিবেদন, স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০২.০২৪.২০-১৭৬৮; তারিখ: ০৩/০৭/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন ভবানীপুর ইসলামিয়া কামিল মাদ্রাসায় কর্মরত এমপিওভুক্ত ২৭ জন শিক্ষক/কর্মচারীর এমপিও শীটে পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের আবেদন সূত্রোক্ত ১ নং স্মারকে USEO, পার্বতীপুর, দিনাজপুর এর মাধ্যমে বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষের আবেদন অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয় (সংযুক্ত)

২। উল্লিখিত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে যাচাই-বাছাই ও তদন্তপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত প্রদানপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন)-মাশিঅ এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর সমন্বয়ে গঠিত কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কমিটির সুপারিশসহ মতামত নিম্নরূপ: দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন ভবানীপুর ইসলামিয়া কামিল মাদ্রাসায় কর্মরত শিক্ষক/কর্মচারীগণের এমপিওশীটে পদবী ও বিষয় সংশোধনের আবেদন যাচাই বাছাইপূর্বক নিম্নে বর্ণিত তালিকার ২৭ জন শিক্ষক কর্মচারীর পদবী ও বিষয় সংশোধনের সুপারিশ করা হলো।"

৩। তদন্ত কমিটির প্রতিবেদনের মতামত, USEO, পার্বতীপুর, দিনাজপুর এর সুপারিশসহ অগ্রায়ন এবং প্রতিকার প্রার্থী/অধ্যক্ষের দাখিলকৃত ডকুমেন্টস এর ভিত্তিতে বিদ্যমান এমপিও শীটের নিম্নে বর্ণিত শিক্ষক/কর্মচারীর পদবী ও বিষয় নিম্নরূপে নির্ধারন করা হলো:-

| ক্রমিক নং | নাম, ইনডেক্স, পদবী, বিষয় ও প্রতিষ্ঠনের ঠিকানা | এমপিও শীটে বিদ্যমান | কমিটির সুপারিশকৃত পদবী ও বিষয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | MD RAFIQUL ISLAM<br>Index: R378853 | পদবী- AP<br>বিষয়-নেই | বিষয়: ARABIC | সংশোধনযোগ্য |
| ০২ | A K M MOSTAFA HAKIM<br>Index:R383774 | পদবী- AP<br>বিষয়-<br>ISLAMIC HUSTORY | বিষয়- ARABIC | সংশোধনযোগ্য |
| ৩ | MD FOYZUR RAHMAN<br>Index:R2008974 | পদবী-ADIB<br>বিষয়-ADOB AND FECA | বিষয়- ADOB | সংশোধনযোগ্য |
| ৪ | MD ABDUL OHAB<br>Index:R2008975 | পদবী-ADIB<br>বিষয়-ADOB AND FECA | বিষয়- ADOB | সংশোধনযোগ্য |
| ৫ | MOST. MARUFA KHATUN<br>Index:R394733 | পদবী- LEC<br>বিষয়-নেই | বিষয়-BANGLA | সংশোধনযোগ্য |
| ৬ | MD SULTAN MAHMUD<br>Index:R395498 | পদবী- LEC<br>বিষয়-নেই | বিষয়-HUMANITIES | সংশোধনযোগ্য |
| ৭ | MD RUHUL KUDDUS<br>Index:398182 | পদবী- LEC<br>বিষয়-নেই | বিষয়-CHEMISTRY | সংশোধনযোগ্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | MD OMAR FARUK Index:690784 | পদবী- LEC বিষয়-নেই | বিষয়-MATHEMATICS | সংশোধনযোগ্য |
| ৯ | MD DELWAR HOSSAIN SAYDI Index:692050 | পদবী- LEC বিষয়-নেই | বিষয়-HADITH | সংশোধনযোগ্য |
| ১০ | MD ZAHANGIR ALAM Index:2017370 | পদবী- LEC বিষয়-ARABIC | বিষয়-TAFSIR | সংশোধনযোগ্য |
| ১১ | MD. ALAMGIR KABIR SARKER Index: M0025436 | পদবী- LEC বিষয়-COMPUTER AND INFIRMATION TECHNOLOGY | পদবী- LEC বিষয়- INFORMATION AND COMMUNICATION TECHNOLOGY | সংশোধনযোগ্য |
| ১২ | KHAMIKHA CHANDRA RAY Index:382135 | পদবী- নেই বিষয়-নেই | পদবী- AT বিষয়- MATHEMATICS | সংশোধনযোগ্য |
| ১৩ | MD MIZANUR RAHMAN Index:687394 | পদবী- নেই বিষয়-নেই | পদবী- AT বিষয়- INFORMATION AND COMMUNICATION TECHNOLOGY | সংশোধনযোগ্য |
| ১৪ | MD MIZANUR RAHMAN Index:2002743 | পদবী- DEM বিষয়-নেই | পদবী- DEMO বিষয়- CHEMISTRY | সংশোধনযোগ্য |
| ১৫ | CHANDAN PROSAD SAHA Index:2008977 | পদবী- DEM বিষয়-নেই | পদবী-DEMO বিষয়- BIOLOGY | সংশোধনযোগ্য |
| ১৬ | S M MOHSIN ALI Index:2017371 | পদবী- PHT বিষয়-নেই | পদবী- AT বিষয়- PHYSICAL EDUCATION | সংশোধনযোগ্য |
| ১৭ | MRS AMINA KHATUN Index:680854 | পদবী- LIB বিষয়-নেই | পদবী-AL বিষয়- LIBRARY & INFORMATION SCIENCE | সংশোধনযোগ্য |
| ১৮ | MD. AYUB ALI Index:381446 | পদবী- নেই বিষয়-নেই | পদবী-AM | সংশোধনযোগ্য |
| ১৯ | ZAKEYA AFORZ Index:2121440 | পদবী- AT বিষয়-SCIENCE | পদবী- AT বিষয়- BIOLOGY | সংশোধনযোগ্য |
| ২০ | AYESHA SIDDIKA Index:090661 | পদবী- EB বিষয়-নেই | পদবী- EB-M | সংশোধনযোগ্য |
| ২১ | JOYNAL ABEDIN Index:382134 | পদবী- নেই বিষয়-নেই | পদবী-EB-Q | সংশোধনযোগ্য |
| ২২ | MST MOSTAFA BANU Index:387885 | পদবী- EB বিষয়-নেই | পদবী-EB-T | সংশোধনযোগ্য |
| ২৩ | MD MOYAZZEM HOSSAIN Index:R390575 | পদবী- নেই বিষয়-নেই | পদবী-OA-CO | সংশোধনযোগ্য |
| ২৪ | MD MOSHFIQUR RAHMAN Index:R2002744 | পদবী- নেই বিষয়-নেই | পদবী-OA-ACA | সংশোধনযোগ্য |
| ২৫ | MD ABDUL MOTALEB Index:R680857 | পদবী- নেই বিষয়-নেই | পদবী-S-GUARD | সংশোধনযোগ্য |
| ২৬ | AMZAD HOSSAIN Index: R680860 | পদবী- নেই বিষয়-নেই | পদবী-CLEANER | সংশোধনযোগ্য |
| ২৭ | MD REZAUL KARIM SARKER Index:R689094 | পদবী- নেই বিষয়-নেই | পদবী-N-GUARD | সংশোধনযোগ্য |

৪। এমতাবস্থায়, USEO, পার্বতীপুর, দিনাজপুর এর সুপারিশসহ অগ্রায়ন, প্রতিকার প্রার্থীগণের আবেদন, ম্যানেজিং কমিটির সুপারিশ, বিদ্যমান এমপিওশীট পর্যালোচনা এবং তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উপরিউক্ত ছকে বর্ণিত ২৭ জন শিক্ষক-কর্মচারীর বিদ্যমান এমপিও শীটে পদবী ও বিষয়সংশোধন/সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং যাথাযথ ব্যবস্থা গ্রহনপূর্বক বাস্তাবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুপ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩।পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। উপরিউক্ত ছকে বর্ণিত সকল শিক্ষক/কর্মচারীর পদবী ও বিষয় পরিবর্তন/সংশোধন/সংযোজন হলে প্রতিকার প্রার্থীগণ কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।

৫।পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদিভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবেনা।

সংযুক্তি: ১। তদন্ত প্রতিবেদন

২। ব্যাংক হিসাব নম্বরযুক্ত এমপিও শীট।

৩। মাদ্রাসার অধ্যক্ষের আবেদন/অগ্রায়ন।

৬-৭-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৪১০৩০৮৯৬

পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক, মেমিস,
মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৩.২২.১৮২৭/১(৪)

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯
০৬ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।

৩) সভাপতি/অধ্যক্ষ, ভবানীপুর ইসলামিয়া কামিল মাদ্রাসা, পার্বতীপুর, দিনাজপুর।

৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

৬-৭-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)